বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড
BTCL NIX সংযোগ চুক্তিনামা

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (অতঃপর কোম্পানী বলিয়া উল্লেখিত) ..........................................................................................(১ম পক্ষ)।

এবং

NIX সংযোগ প্রার্থী/সংস্থা/প্রতিষ্ঠানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি (অতঃপর গ্রাহক বলিয়া উল্লেখিত) জনাব/বেগম..........................................................................................

পিতা/স্বামী/পদবী(কোম্পানীর নামসহ)..........................................................................................

স্থায়ী ঠিকানা (সংস্থার/ কোম্পানীর ক্ষেত্রে পদবী ও সংস্থার/ কোম্পানীর নামসহ).......................... ..........................................................................................বর্তমান ঠিকানা

..........................................................................................(২য় পক্ষ)।

১ম পক্ষ এবং ২য় পক্ষের সম্মতিক্রমে অদ্য ....................................বাং....................................ইং অত্র চুক্তি সম্পাদিত হইল। উভয়পক্ষ এই চুক্তির আওতায় নিম্নলিখিত শর্তাবলী মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

১। সার্ভিসের বর্ণনাঃ

১.১ এই চুক্তির আওতায় কোম্পানী সবচাইতে নিকটবর্তী সিংগেল ডাটা নোড হইতে গ্রাহককে NIX সংযোগ প্রদান করিবে। কোম্পানী নিম্নবর্ণিত স্থানে NIX সংযোগ প্রদান করিবে এবং গ্রাহক কোম্পানী কর্তৃক ধার্যকৃত চার্জ/ফিস/বিল প্রদান করিতে বাধ্য থাকিবেন।

ক) টেলিযোগাযোগ অঞ্চলঃ..........................................................................................

খ) NIX সংযোগের ঠিকানাঃ..........................................................................................

২। সার্ভিস চার্জঃ

২.১ গ্রাহক ডিমান্ড নোটে বর্ণিত নির্ধারিত এককালীন Installation চার্জসমূহ এবং অগ্রীম ভাড়া ছাড়াও নির্ধারিত সময় পর পর সংযোগের ভাড়া অগ্রীম প্রদান করিবেন। তবে ট্যারিফ রেট প্রয়োজনে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনসাপেক্ষে কোম্পানী কর্তৃক সংশোধিত হইতে পারে। সেই ক্ষেত্রে কোম্পানী ১(এক) মাস পূর্বে গ্রাহকদেরকে অবহিত করিবে।

৩। গ্রাহকের দায়বদ্ধতা (Liability):

৩.১ গ্রাহক কোম্পানীর প্রাপ্য চার্জ/ভাড়া নির্ধারিত সময়ে কোম্পানীকে পরিশোধ করিবেন।

৩.২ প্রদত্ত সংযোগের মাধ্যমে অন্য কোন গ্রাহককে ক্ষতিগ্রস্ত করা বা হয়রানি করা যাইবে না। এইরূপ যে কোন ধরনের ধরনের অপব্যবহারের জন্য গ্রাহক নিজে দায়ী থাকিবেন। এই জাতীয় অভিযোগ প্রাপ্ত বা প্রমাণিত হইলে Telegraph Act 1885(XIII of 1885) এবং টেলিযোগাযোগ আইন ২০০১ এর প্রযোজ্য বিধান মোতাবেক কোম্পানী প্রদত্ত NIX সংযোগ প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করে।

৩.৩ প্রদত্ত NIX সংযোগটির এক্সচেঞ্জ প্রান্তের সকল প্রকার সরঞ্জামাদির মালিক কোম্পানী। গ্রাহক প্রান্তের সকল হার্ডওয়্যার গ্রাহক নিজ খরচে ব্যবস্থা করিবেন। অবৈধ হস্তান্তর ও ব্যবহারের কারনে সংযোগ বিচ্ছিন্ন করার অধিকার কোম্পানী সংরক্ষণ করে এবং এই ক্ষেত্রে Telegraph Act 1885(XIII of 1885) এবং টেলিযোগাযোগ আইন ২০০১ এর প্রযোজ্য বিধান মোতাবেক কোম্পানী ব্যবস্থা গ্রহণ করিবে।

৩.৪ সংযোগটি স্থাপন করিবার পূর্বে গ্রাহক লিখিত নোটিশ দ্বারা তাহার সংযোগ প্রত্যাহার করিতে পারিবেন। বিদ্যমান সংযোগ বিচ্ছিন্নের জন্য অন্ততঃ ১ (এক) মাস পূর্বে নোটিশ প্রদান করিবেন। যথাসময়ে নোটিশ প্রদান না করিলে নোটিশ প্রাপ্তির তারিখ হইতে ১(এক) মাসের ভাড়া আদায়যোগ্য হইবে।

৩.৫ বাংলাদেশ সরকারের নির্ধারিত প্রতিষ্ঠান হইতে ইস্যুকৃত NIX সার্ভিস প্রদানের প্রয়োজনীয় লাইসেন্সধারী প্রতিষ্ঠান ব্যতীত অন্য কেহ প্রদত্ত NIX সংযোগটির মাধ্যমে প্রদত্ত সার্ভিস আংশিক/পুরোপুরিভাবে নিজ /রিসেইল হিসেবে অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রদান করিতে পারিবেন না।

৩.৬ সংযোগ স্থাপনের তারিখ হইতে এই চুক্তিনামা কার্যকর হইবে এবং গ্রাহক/কোম্পানী কর্তৃক সংযোগ স্থায়ীভাবে সমর্পণ/বিচ্ছিন্ন না করা পর্যন্ত বলবৎ থাকিবে।

৩.৭ সংযোগ স্থাপনের পর গ্রাহক তাহা ব্যবহার করুন আর নাই করুন তাহাকে নির্ধারিত হারে ভাড়া পরিশোধ করিতে হইবে।

৩.৮ প্রদত্ত NIX সংযোগের যথাযথ ব্যবহারের জন্য গ্রাহক ব্যক্তিগতভাবে দায়ী থাকিবেন এবং গ্রাহকের অনুপস্থিতিতে বা অজান্তে যদি কোন ব্যক্তি উক্ত সংযোগ ব্যবহার করেন, তবে তাহার দায়-দায়িত্ব গ্রাহকের উপরই বর্তাইবে।

৩.৯ কোম্পানী প্রদত্ত NIX সংযোগ সুষ্ঠুভাবে চালু রাখিবে এবং ইহার জন্য গ্রাহক কোম্পানীকে সর্বপ্রকার ন্যায়সঙ্গত সহযোগিতা প্রদান করিবেন।

৩.১০ গ্রাহক এই চুক্তির মেয়াদকালে বাংলাদেশ সরকার বা কোম্পানী কর্তৃক প্রণীত এবং ভবিষ্যতে যে কোন সময়ে সংশোধিত বা পরিবর্তিত সকল নিয়মাবলী ও বিধিসমূহ মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

৩.১১ গ্রাহক নির্দিষ্ট সময়ের মধ্যে তাহার নিকট প্রেরিত বিলের টাকা পরিশোধ না করিলে খেলাপী গ্রাহক হইতে টাকা আদায়ের ক্ষেত্রে প্রযোজ্য আইনের সংশিষ্ট ধারাসমূহ প্রয়োগ করা হইবে এবং সংশিষ্ট ধারা অনুযায়ী কোম্পানী আইনানুগ ব্যবস্থা গ্রহনের অধিকার সংরক্ষণ করে।

৩.১২ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন লইয়া কোম্পানী যে কোন সময়ে NIX সার্ভিসের জন্য আনুষঙ্গিক রেইট/চার্জ পরিবর্তন করিতে পারিবেন এবং গ্রাহক এই ধার্যকৃত বা পরিবর্তিত চার্জ/রেইট মানিয়া লইতে বাধ্য থাকিবেন।

৪। কোম্পানীর দায়-দায়িত্ব (Liability):

৪.১ চুক্তি স্বাক্ষর এবং দাবীকৃত Installation Charge গ্রাহক কর্তৃক পরিশোধের পর কোম্পানী ১৫ (পনের) দিনের মধ্যে অথবা উভয় পক্ষের সম্মতিক্রমে যতশীঘ্র সম্ভব NIX সংযোগ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে। অনিবার্য কারণবশতঃ এই সময়সীমা অতিক্রান্ত হইলে কোম্পানীকে কোনক্রমেই দায়ী করা যাইবে না।

৪.২ প্রদত্ত NIX সংযোগের সুবিধা গ্রাহককে সুষ্ঠুভাবে প্রদানের জন্য কোম্পানী যথাসাধ্য চেষ্টা করিবে।

৪.৩ কোম্পানী গ্রাহককে প্রদত্ত সার্ভিসের জন্য নির্ধারিত ট্যারিফ রেট অনুযায়ী পিরিওডিক বিল যথাসময়ে সরবরাহ করার যথাসাধ্য চেষ্টা করিবে।

৫। কোম্পানীর Non Liabilty এবং অধিকার:

৫.১ রক্ষণাবেক্ষণের স্বার্থে NIX সংযোগটি সাময়িকভাবে বন্ধ করার অধিকার কোম্পানী সংরক্ষণ করে এবং সেক্ষেত্রে যে কোন ক্ষতির জন্য কোম্পানীকে দায়ী করা যাইবে না ।

৫.২ কোন কারণে সংযোগ অচল, বিঘ্নিত বা বন্ধ হইলে অথবা কোম্পানী কর্তৃক বন্ধ করা হইলে যদি গ্রাহকের কোন প্রকার ক্ষয়ক্ষতি হয় তবে তাহার জন্য কোম্পানী দায়ী থাকিবে না এবং সংযোগ পুনরায় চালু করিতে বিলম্বের দরুন সৃষ্ট ক্ষতি বা অসুবিধার জন্যও কোম্পানী দায়ী থাকিবে না।

৫.৩ যে কোন প্রকার দুর্বিপাক যেমন-ঝড়, টর্নেডো ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগ অথবা এমন কোন অবস্থা যাহার উপর কোম্পানীর নিয়ন্ত্রণ নাই সেই সকল অবস্থার দ্বারা প্রদত্ত সংযোগ ক্ষতিগ্রস্ত হইলে তাহার জন্য যে কোন প্রকার ক্ষতিপূরণ, রিফান্ড ইত্যাদি কোম্পানীর নিকট দাবী করা যাইবে না।

৫.৪ সরকারী আদেশে বা জাতীয় স্বার্থে অথবা জননিরাপত্তার কারণে কোম্পানী কোন নোটিশ ছাড়াই NIX সংযোগ সাময়িক কিংবা চূড়ান্তভাবে বন্ধ করিবার অধিকার সংরক্ষণ করে।

৫.৫ কোম্পানী কর্তৃক ইস্যুকৃত পিরিওডিক বিল পরিশোধের সর্বশেষ তারিখ এক মাস অতিক্রান্ত হইলে কোম্পানী কোন নোটিশ ছাড়াই প্রদত্ত NIX সংযোগ সাময়িক বিচ্ছিন্ন করিয়া দিতে পারিবে এবং কোম্পানীর স্বার্থ অক্ষুণ্ন রাখিয়া চুক্তি বাতিল করিতে পারিবে। তবে দৈব-দুর্বিপাকের কারণ, যেমনঃ ঝড়-ভূমিকম্প, টর্নেডো ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগ অথবা এমন কোন অবস্থা যাহার উপর কোম্পানী ও গ্রাহকের কাহারো কোন নিয়ন্ত্রণ নাই, NIX সংযোগ ক্ষতিগ্রস্ত হইলে গ্রাহক দুইমাস পর্যন্ত বিল অপরিশোধিত রাখিতে পারিবেন। কিন্তু দুই মাসের অধিক অপরিশোধিত রাখিলে কোম্পানী কোন নোটিশ ছাড়াই NIX সংযোগ সাময়িক বিচ্ছিন্ন করার অধিকার সংরক্ষণ করে।

৫.৬ যদি বিল পরিশোধের ব্যর্থতার দরুণ গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন করা হয়, তবে কোম্পানী কর্তৃক নির্ধারিত হার ও বিধান অনুযায়ী গ্রাহক প্রাপ্য অর্থ পরিশোধ করিলে সংযোগ পুনঃপ্রতিষ্ঠা করা হইবে। এই ক্ষেত্রে বিচ্ছিন্নের সময়কালের সংযোগের ভাড়াও গ্রাহককে পরিশোধ করিতে হইবে। যদি উক্ত রূপ বিচ্ছিন্নকরণের তারিখ হইতে ৫৯ (ঊনষাট) দিনের মধ্যে গ্রাহক প্রদেয় অর্থ পরিশোধ না করেন, তাহা হইলে কোম্পানী সংযোগ স্থায়ী ভাবে বন্ধ/বিচ্ছিন্ন করিয়া দিতে পারিবে এবং তাহার টেলিসংযোগসহ অন্যান্য সব সার্ভিস ৭(সাত)দিনের নোটিশ প্রদান করিয়া বিচ্ছিন্ন করার ক্ষমতা কোম্পানী সংরক্ষণ করে।

৫.৭ এই চুক্তির কোন অনুচ্ছেদের লংঘনের ক্ষেত্রে কোম্পানী প্রদত্ত NIX সংযোগ বন্ধ করিবার অধিকার সংরক্ষণ করে।

৫.৮ কোম্পানী প্রয়োজন অথবা যুক্তিযুক্ত মনে করিলে যে কোন সময়ে ডাকযোগে লিখিত নোটিশ প্রদান করিয়া ১৫ (পনের) দিন অতিবাহিত হওয়ার পর সার্ভিস বিচ্ছিন্ন করিবার অধিকার সংরক্ষণ করে। এই ক্ষেত্রে ডাকযোগে নোটিশ জারী চূড়ান্ত প্রমাণ বলিয়া বিবেচিত হইবে।

৫.৯ গ্রাহক পূর্ব সংযোগ বা কোম্পানীর প্রাপ্য দায়-দেনা সম্পর্কে তথ্য গোপন করিয়া আবেদনপত্র জমা দিলে কোম্পানী এই বিষয়ে নিশ্চিত হইয়া উক্ত আবেদনপত্র তাৎক্ষণিকভাবে বাতিল করিয়া দিবে অথবা সংযোগ প্রদান করা হইয়া থাকিলে উক্ত সংযোগ তাৎক্ষণিকভাবে বিচ্ছিন্ন করিয়া দিতে পারিবে।

৫.১০ এই চুক্তির যে কোন অনুচ্ছেদের পরিবর্ধন বা সংশোধন করার ক্ষমতা কোম্পানী সংরক্ষণ করে এবং গ্রাহক এই সকল পরিবর্তন বা সংশোধন মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

| | |
|---|---|
| দ্বিতীয় পক্ষের স্বাক্ষর* | প্রথম পক্ষের স্বাক্ষর |
| গ্রাহক/প্রতিষ্ঠানের নামঃ............................ | বাংলাদেশ টেলিকমিউনিকেশন্‌ কোম্পানী লিমিটেড-এর পক্ষে, |
| স্থায়ী/রেজিস্টার্ড ঠিকানাঃ.......................... | |
| সীলমোহর (প্রযোজ্য ক্ষেত্রে) | সীলমোহর |

* আবেদন পত্রের স্বাক্ষরের অনুরূপ